**<u>একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

**<u>রেজিঃ/এডিঃ</u>**

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৮.২০২১-২৪৫

তাং- ১৯/০২/১৪২৮বঙ্গাব্দ।
০২/০৬/২০২১খ্রিষ্টাব্দ।

**বিভাগীয় মামলা নং-** 026/2021

<u>অভিযোগনামা</u>

যেহেতু, আপনি জনাব ববিতা হালদার (পিতা-প্রেমানন্দ হালদার), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) কর্তৃক বেতন বাবদ টাকা-১,০৫,৫০০/-(এক লক্ষ পাঁচ হাজার পাঁচশত টাকা) ও উৎসব ভাতা বাবদ টাকা-৫,১৩,৬৯০/-(পাঁচ লক্ষ তের হাজার ছয়শত নব্বই টাকা), মোট টাকা-৬,১৯,১৯০/-(ছয় লক্ষ উনিশ হাজার একশত নব্বই টাকা) ভুয়া বিলের মাধ্যমে আনলাইনে ইএফটি করে আত্নসাৎ করার অভিযোগ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক ২৩/০২/২০২১খ্রিঃ তারিখের সিএএফও/প্রশাঃ/১৩২৩ সংখ্যক স্মারকে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা বরাবর প্রেরণ করা হয়, যার অনুলিপি এ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক ১৪/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৫৮ সংখ্য স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

২। যেহেতু, আপনা কর্তৃক বেতন ও উৎসব ভাতা বাবদ মোট টাকা-৬,১৯,১৯০/-(ছয় লক্ষ উনিশ হাজার একশত নব্বই টাকা) সরকারি অতিরিক্ত অর্থ ভুয়া বিলের মাধ্যমে আনলাইনে ইএফটি করে আত্নসাৎ করা হয়েছে;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার ১১/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৬০ সংখ্যক স্মারকে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্তপূর্বক ০৮/০৪/২০২১খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রামাণিত হয়েছে;

৪। যেহেতু, আপনি একজন সরকারি কর্মকর্তা হয়ে সরকারি অর্থ বে-আইনীভাবে আত্নসাৎ করে শিষ্টাচার বহির্ভূত ও দুর্নীতিমূলক কাজ করা হয়েছে;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর আওতাভুকক্ত অপরাধ;

৬। সেহেতু, এক্ষণে আপনি জনাব ববিতা হালদার (পিতা-প্রেমানন্দ হালদার), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) কে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর দয়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক অভিযুক্ত করা হলো এবং একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা একই বিধিমালার আওতায় কেন অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধির ৭(১)(খ) মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্মদিবসের মধ্যে আপনার লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd.

**জনাব ববিতা হালদার**
সিনিয়র স্টাফ নার্স,

**<u>১। কর্মস্থলের ঠিকানাঃ</u>**
জনাব ববিতা হালদার
পিতা-প্রেমানন্দ হালদার,
সিনিয়র স্টাফ নার্স
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।

**<u>২। স্থায়ী ঠিকানা ঃ</u>**
জনাব ববিতা হালদার
পিতা-প্রেমানন্দ হালদার,
সিনিয়র স্টাফ নার্স
গ্রমাঃ পত্তাশী, পোঃ পত্তাশী, থানাঃ জিয়ানগর, জেলাঃ পিরোজপুর।

অঃপৃঃদ্রঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৮.২০২১-২৪৫/১(১১)

তাং- ১৯/০২/১৪২৮বঙ্গাব্দ।
০২/০৬/২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৫। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৬। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। সেবা তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৯। সেবা তত্ত্বাবধায়ক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। অফিস কপি।

০২/৬/২১

(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব ববিতা হালদার (পিতা-প্রেমানন্দ হালদার), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) কর্তৃক বেতন বাবদ টাকা-১,০৫,৫০০/-(এক লক্ষ পাঁচ হাজার পাঁচশত টাকা) ও উৎসব ভাতা বাবদ টাকা-৫,১৩,৬৯০/-(পাঁচ লক্ষ তের হাজার ছয়শত নব্বই টাকা), মোট টাকা-৬,১৯,১৯০/-(ছয় লক্ষ উনিশ হাজার একশত নব্বই টাকা) ভুয়া বিলের মাধ্যমে আনলাইনে ইএফটি করে আত্নসাৎ করার অভিযোগ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক ২৩/০২/২০২১খ্রিঃ তারিখের সিএএফও/প্রশাঃ/১৩২৩ সংখ্যক স্মারকে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা বরাবর প্রেরণ করা হয়, যার অনুলিপি এ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক ১৪/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৫৮ সংখ্য স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার ১১/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৬০ সংখ্যক স্মারকে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্তপূর্বক ০৮/০৪/২০২১খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রামাণিত হয়েছে। তিনি একজন সরকারি কর্মকর্তা হয়ে সরকারি অর্থ বে-আইনীভাবে আত্নসাৎ করে শিষ্টাচার বহির্ভূত ও দুর্নীতিমূলক কাজ করেছেন। তার কর্তৃক এহেন কর্মকর্তান্ড করা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর আওতাভুক্ত অপরাধ।

৩০/০১/২২

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।